



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd



তারিখ: ০৭/০৮/২০২২

ঢাশিবো/বি/২০২/ঢাকা/দ: ৩৫২

বিষয়: বোর্ডের আপীল এন্ড আরবিট্রেশন কমিটিতে আবেদন প্রসঙ্গে।

সূত্র: ১) অব্যাহতি প্রাপ্ত ০৮ (আট) জন শিক্ষক কর্তৃক মাননীয় চেয়ারম্যান, ঢাকা শিক্ষা বোর্ড বরাবর প্রেরিত গত ২৫/১০/২০২০ আবেদন।

২) মহামান্য হাইকোর্টের রীট পিটিশন নং-৮৬৫০/২০২০ এর ২৪.১১.২০২০ তারিখের আদেশ।

৩) ঢাকা শিক্ষা বোর্ডের স্মারক ঢাশিবো/বি/১৮১/ঢাকা/৮১২(ক) তারিখ: ১০/১১/২০২১

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা মহানগরীর রামপুরা এলাকাধীন “রামপুরা একরামুন্নেছা বালিকা উচ্চ বিদ্যালয়” এর ম্যানেজিং কমিটি কর্তৃক গত ২৯/০৯/২০২০ তারিখে চাকুরী হতে ০৮ (আট) জন সহকারী শিক্ষক কে অব্যাহতি প্রদান করা হয়েছে। অব্যাহতি প্রাপ্ত ০৮(আট) জন শিক্ষক প্রতিকার চেয়ে সূত্রোক্ত (১) নং ক্রমিকে উল্লেখিত পত্রের মাধ্যমে চেয়ারম্যান, ঢাকা শিক্ষা বোর্ড বরাবর আবেদন করেন এবং দাখিলকৃত আবেদনটি নিষ্পত্তির লক্ষ্যে তাঁরা বাদী হয়ে মহামান্য হাইকোর্ট রীট পিটিশন নং-৮৬৫০/২০২০ দায়ের করেন। মহামান্য হাইকোর্টের রীট পিটিশন নং-৮৬৫০/২০২০ তারিখ: ২৪/১১/২০২০ এর আদেশ মোতাবেক (২) নং ক্রমিকের বিবাদী মাননীয় চেয়ারম্যান, ঢাকা শিক্ষা বোর্ডকে বিধি মোতাবেক বিষয়টি নিষ্পত্তির জন্য নির্দেশনা প্রদান করা হয়।

ম্যানেজিং কমিটি গঠন সংক্রান্ত প্রবিধানমালা-২০০৯ এর প্রবিধি ৪১(ঘ-২) মোতাবেক “শিক্ষক-কর্মচারীগণের চাকুরীর শর্তাবলী অনুসরণে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ ও দড় অনুমোদন, তবে অপসারণ বা বরখাস্তের বিষয়ে বোর্ডের পূর্বানুমোদন গ্রহণ ব্যতীত উক্তরূপ কোন দড় আরোপ করা যাইবে না।”

উল্লেখ যে, উক্ত ০৮ (আট) জন অব্যাহতি প্রাপ্ত শিক্ষককে অব্যাহতি প্রদানের পর বিধি মোতাবেক তা অনুমোদনের জন্য বোর্ডের আপীল এন্ড আরবিট্রেশন কমিটিতে আবেদন করার বিধান থাকলেও সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানটি এ বিষয়ে প্রয়োজনীয় কোন পদক্ষেপ গ্রহণ করে নাই।

এমতাবস্থায়, অব্যাহতি প্রাপ্ত উক্ত ০৮(আট) জন শিক্ষকের অব্যাহতিকরণ সম্পর্কিত বিষয়টি নিষ্পত্তির জন্য প্রয়োজনীয় সকল তথ্যাদি ও প্রমাণ্য কাগজপত্র সহ বোর্ডের আপীল এন্ড আরবিট্রেশন কমিটিতে আগামী ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে আবেদন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরী বিধায় আপনার সহযোগীতা প্রয়োজন।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

স্বাঃ

বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

প্রাপক

প্রধান শিক্ষক

রামপুরা একরামুন্নেছা বালিকা উচ্চ বিদ্যালয়
রামপুরা, ঢাকা।

মেমো নং- ৩৫২(৭)

তারিখ: ০৭/০৮/২০২২

অবগতি ও প্রয়োজনীয় জ্ঞাতার্থে অনুলিপি প্রেরিত হলো:-

১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।

২। জেলা প্রশাসক, ঢাকা।

৩। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা ঢাকা অঞ্চল, ঢাকা।

৪। জেলা শিক্ষা অফিসার, ঢাকা।

৫। পিএসটু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

৬। জনাব রহিমা খাতুন গং, সহকারী শিক্ষক (অব্যাহতি প্রাপ্ত) গং, রামপুরা একরামুন্নেছা বালিকা উচ্চ বিদ্যালয়,
রামপুরা, ঢাকা।

৭। অফিস কপি।

০৭/০৮/২০২২
বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

মেমো
০৭/০৮/২০২২